বাংলাদেশ ইনস্টিটিউট
অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট
*(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)*
ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭

BIGM

মোহাম্মদ তারেক পিএইচডি (বোস্টন)
ব্যবস্থাপনা পরিচালক, বোর্ড অব ট্রাস্টিজ ও
পরিচালক, বিআইজিএম
প্রাক্তন সিনিয়র সচিব, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এবং প্রাক্তন বিকল্প নির্বাহী পরিচালক, বিশ্ব ব্যাংক
ফোন: ... ফ্যাক্স: ...
মোবাইল: ... ই-মেইল: mohammad.tareque@bigm.edu.bd

পত্র সংখ্যা : বিআইজিএম/সেইপ/পিএটিসি/২০১৯/১৮(২৫)

তারিখ : ২৯/১০/১৪২৫ ব.
১১/০২/২০১৯ খ্রি.

**বিষয়: "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশের বিদ্যমান উন্নয়ন গতিধারাকে আরও উন্নীতকরণ তথা বেগবান করার জন্য দক্ষ, উদ্ভাবনী ও সৃজনশীল প্রশিক্ষিত কর্মকর্তা একান্ত আবশ্যক। সার্বিক জনপ্রশাসন ও সংশ্লিষ্ট বেসরকারি খাতের কর্মকর্তাদের মধ্যে উন্নততর দক্ষতা ও চিন্তার স্ফুরণ ঘটানোর উদ্দেশ্যে "Policy Analysis" শীর্ষক ১০ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) – এ এই প্রশিক্ষণ কোর্স পরিচালিত হচ্ছে। এযাবৎ অনুষ্ঠিত ৪টি কোর্সে ১২০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমানে ৩৫ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে ৫ম ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে। **৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণ আগামী ৮ এপ্রিল ২০১৯ থেকে শুরু হবে।**

৩। অনূর্ধ্ব ৫২ বছর বয়সী সিনিয়র সহকারী সচিব/উপসচিব/যুগ্মসচিব বা সমমর্যাদার সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নীতি নির্ধারণের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তারা কোর্সটিতে অংশগ্রহণ করতে পারবেন।

৪। প্রথম ৬ সপ্তাহে কোর্সটি সপ্তাহে পাঁচ (০৫) দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী একজন মেন্টরের সহায়তায় পলিসি পেপার প্রস্তুত করবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি নির্দিষ্ট বিষয়ে Policy Draft Paper প্রস্তুত করে উপস্থাপন করবেন। ১০ম সপ্তাহে উক্ত পলিসি পেপার মূল্যায়ন করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি প্রশিক্ষণ দিবসের জন্য যাতায়াত ভাতা হিসেবে পাঁচশত টাকা করে প্রদান করা হবে এবং আহারের ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণের জন্য কোন কোর্স ফি প্রদান করতে হবেনা।

৫। প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষ স্থান অধিকারী ৫-৭ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য সিংগাপুরস্থ **Lee Kuan Yew School of Public Policy** -তে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে। আগামী মার্চ ২০১৯ -এ অনুষ্ঠেয় বৈদেশিক প্রশিক্ষণের ১ম ব্যাচের জন্য ইতোমধ্যে ২৪জন প্রশিক্ষণার্থীকে নির্বাচন করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম বিবেচিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি পলিসি জার্নাল প্রকাশ করা হবে।

৬। জনপ্রশাসন মন্ত্রণালয় / BIGM- এর ওয়েব সাইট (www.mopa.gov.bd বা www.bigm.edu.bd বা facebook.com/policyanalysiscourse) থেকে ও ০১৫৫২ ৪০২৯৩৩ নম্বরে যোগাযোগ করে উক্ত কোর্সে আবেদনের বিস্তারিত তথ্যাদি জানা যাবে। এইসঙ্গে আবেদনপত্র ও নিয়মাবলীর অনুলিপি প্রেরণ করা হল।

৭। দক্ষ মানব সম্পদ গড়ার মাধ্যমে প্রতিষ্ঠানের গতি সঞ্চারকল্পে আপনার প্রতিষ্ঠানের মধ্য থেকে যোগ্য সহকর্মীদের এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদানক্রমে তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয় ও BIGM – এ প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

সংলাগী: বর্ণনামতে।

একান্তভাবে আপনার,

(ড. মোহাম্মদ তারেক)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬-৬৩৯৪

তারিখ: ১৩ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ
২৯ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সিস্টেম এনালিস্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ - ০৩ অধিশাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৪.১৮. তারিখ:

বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM)** কর্তৃক আয়োজিত **"Policy Analysis"** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচের কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচ আগামী ৮ এপ্রিল ২০১৯ তারিখে শুরু হতে যাচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় চালু করা হয়েছে।

০২। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধুমাত্র জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে এবং প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) | কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা (কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ) এবং বাকী ১০ জন বেসরকারি কর্মকর্তা। |
| (খ) | মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন সময়ে BIGM – এ সংযুক্ত থাকবেন। |
| (গ) | প্রশিক্ষণটি সপ্তাহে ০৫দিন শনি-বুধবার সকাল ৯:০০টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৫০০/- টাকা করে প্রদান করা হবে এবং দুপুরের খাবার দেওয়া হবে। |
| (ঘ) | ব্যাচ প্রতি শীর্ষস্থান অধিকারী ৫-৭ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য সিঙ্গাপুরস্থ Lee Kuan Yew School of Public Policy -তে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে। |
| (ঙ) | প্রতিবছর প্রশিক্ষণার্থীদের সর্বোত্তম প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি জার্নাল প্রকাশ করা হবে। |
| (চ) | সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্ম-সচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর। |

০৩। উপযুক্ত প্রার্থীগণকে আগামী -------------- খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃ: আ: অতিরিক্ত সচিব, সিপিটি, কক্ষ - ১০১, ভবন - ৩, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর নির্ধারিত ছক মোতাবেক আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আনোয়ারুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন: ৯৫৭৭১১৩

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য):</u>

পরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)
ই-৩৩, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

আবেদনের ছক

বরাবর,

সচিব,
জনপ্রশাসন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি)

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

**বিষয়: "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে মনোনয়ন প্রদানের জন্য আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য আমার প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম।

| | | | |
|---|---|---|---|
| ০১ | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | | |
| ০২ | জন্ম তারিখ | | |
| ০৩ | বয়স (৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে) | | |
| ০৪ | চাকরিতে যোগদানের তারিখ | | |
| ০৫ | ক্যাডারের নাম ও ব্যাচ | | |
| ০৬ | চাকরি স্থায়ীকরণের তারিখ | | |
| ০৭ | শিক্ষাগত যোগ্যতার বিবরণ | | |
| ০৮ | মোবাইল নম্বর | | |
| ০৯ | ইমেইল নম্বর | | |

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর